দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের কার্যকর উদ্যোগ

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজসমূহে অন্যান্য ট্রেডের ন্যায় অটোমোবাইল ট্রেড কোর্স চালু আছে। তাছাড়া, প্রতিষ্ঠানসমূহে ড্রাইভিং ও মটর মেকানিকস্ বিষয়ে শর্ট কোর্সের মাধ্যমে দক্ষ মেকানিক ও গাড়িচালক তৈরির সুযোগ রয়েছে। দেশে কারিগরি শিক্ষার সম্প্রসারণের পাশাপাশি দক্ষ ড্রাইভার ও মেকানিক তৈরির ক্ষেত্রে টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজে শর্ট কোর্স চালু করা হলে শিক্ষিত ও বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের সুযোগসহ বিদেশের শ্রম বাজারেও চাকুরির সুযোগ সৃষ্টি হবে। তবে দেশের টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজসমূহে অটোমোবাইল এবং ড্রাইভিং ও মটর মেকানিকস্ শর্ট কোর্সে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদানের উপযোগী ড্রাইভিং সুবিধা না থাকায় শিক্ষার্থীরা কারিগরি দক্ষতা অর্জনে অনেকাংশে বঞ্চিত হচ্ছে।

সে প্রেক্ষিতে অটোমোবাইল এবং ড্রাইভিং ও মটর মেকানিকস্ শর্ট কোর্সের শিক্ষার্থীদেরকে দক্ষ জনশক্তিতে পরিণত করার লক্ষ্যে জেলা শিক্ষা অফিসারের ব্যবহৃত পুরাতন গাড়িগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে পর্যায়ক্রমে দেশের ৬৪টি টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। প্রথম পর্যায়ে আগামী ২৮ মার্চ ২০১৫ তারিখে ৩২টি জেলার জেলা শিক্ষা অফিসের পুরাতন গাড়িগুলো ৩২টি টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অনুকূলে সরবরাহ করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুল এ্যান্ড কলেজ, মোহাম্মদপুর-এ সকাল ১১:০০ টা এ সকল গাড়ি বিতরণ করা হবে। দেশের ৩২টি টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে বরাদ্দকৃত গাড়ি গ্রহণ করবেন। এ উদ্দেশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত নিম্নোক্ত নির্দেশনা পত্র ওয়েব সাইটে প্রকাশ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাঃ ১৫ (কারিগরি-১)
www.moedu.gov.bd

নং- শাঃ ১৫/বিবিধ১৫-১২/২০০৮-৯৮৩(১)

তারিখ : ০৮ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ
২২ মার্চ ২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজে জীপ গাড়ি (জেলা শিক্ষা অফিসারের ব্যবহৃত পুরাতন গাড়ি) সরবরাহ প্রসংগে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজসমূহে অন্যান্য ট্রেডের ন্যায় অটোমোবাইল ট্রেড কোর্স চালু আছে। তাছাড়া, প্রতিষ্ঠানসমূহে ড্রাইভিং ও মটর মেকানিকস্ বিষয়ে শর্ট কোর্স চালুর মাধ্যমে দক্ষ মেকানিক ও গাড়িচালক তৈরির সুযোগ রয়েছে। তবে এ সকল প্রতিষ্ঠানে যুগোপযোগী তাত্তিক ও ব্যবহারিক শিক্ষা প্রদানের নিমিত্ত কোন গাড়ি বরাদ্দ না থাকায় শিক্ষার্থীগণ এক্ষেত্রে অনেকাংশে শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

০২। প্রসঙ্গত, TQI-2 প্রকল্পের আওতায় পর্যায়ক্রমে সকল জেলা শিক্ষা অফিসারকে নতুন গাড়ি সরবরাহের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এ পদক্ষেপের প্রথম পর্যায়ে আগামী ২৮ মার্চ ২০১৫ তারিখে ৩২টি জেলার জেলা শিক্ষা অফিসারকে নতুন গাড়ি সরবরাহ করা হবে। অটোমোবাইল এবং ড্রাইভিং ও মটর মেকানিকস্ শর্ট কোর্সের শিক্ষার্থীদের ব্যবহারিক শিক্ষার গুরুত্ব বিবেচনায় জেলা শিক্ষা অফিসারের ব্যবহৃত পুরাতন গাড়ি টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০৩। এমতাবস্থায়, নিম্নবর্ণিত টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অনুকূলে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে গাড়ি (জেলা শিক্ষা অফিসারের ব্যবহৃত পুরাতন গাড়ি) বরাদ্দ প্রদান করা হলো ঃ

বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান	যে জেলা শিক্ষা অফিসের গাড়ি	বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান	যে জেলা শিক্ষা অফিসের গাড়ি
টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ, নারায়নগঞ্জ	নারায়নগঞ্জ	টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজ, সিলেট	সিলেট
,, রাজবাড়ী	ফরিদপুর	,, মাইজদী, নোয়াখালী	নোয়াখালী
,, কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ	,, কক্সবাজার	বান্দরবান
,, টাংগাইল	টাংগাইল	,, চাঁদপুর	কুমিল্লা
,, নাটোর	রাজশাহী	,, ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণবাড়ীয়া
,, রংপুর	রংপুর	,, পঞ্চগড়	পঞ্চগড়
,, পাবনা	বগুড়া	,, খাগড়াছড়ি	চট্টগ্রাম
,, দিনাজপুর	দিনাজপুর	,, মানিকগঞ্জ	মানিকগঞ্জ
,, যশোর	যশোর	,, দোহার , ঢাকা	ঢাকা
,, চুয়াডাংগা	খুলনা	,, গাজীপুর	গাজীপুর
,, ঝিনাইদহ	মাদারীপুর	,, নেত্রকোনা	নেত্রকোনা
,, পিরোজপুর	পটুয়াখালী	,, গোপালগঞ্জ	গোপালগঞ্জ
,, ঝালকাঠী	ঝালকাঠী	,, গৌরিপুর, ময়মনসিংহ	ময়মনসিংহ
,, ভোলা	ভোলা	,, জামালপুর	জামালপুর
,, বরিশাল	বরিশাল	,, সুনামগঞ্জ	সুনামগঞ্জ
,, মৌলভীবাজার	মৌলভীবাজার	,, নীলফামারী	নীলফামারী

বরাদ্দকৃত গাড়ি সরবরাহের সময়সূচি	যোগাযোগ	
তারিখ ঃ ২৮ মার্চ ২০১৫, শনিবার স্থান ঃ রেসিডেনসিয়াল মডেল স্কুল এ্যান্ড কলেজ, মোহাম্মদপুর, ঢাকা। সময় ঃ সকাল ১১:০০ টা।	ডঃ সুধাংশু রঞ্জন রায় সহকারী প্রকল্প পরিচালক TQI-2 প্রকল্প মোবাইলঃ ০১৫৫৪-৩১৮৪৭৭	জনাব মোঃ ফেরদৌস আলম পরিচালক (ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। মোবাইলঃ ০১৭১১০১৩৭১৪

শর্তাবলীঃ

১. স্ব-স্ব প্রতিষ্ঠান দক্ষ ড্রাইভার ও মেকানিক তৈরির লক্ষ্যে যথাশীঘ্র শর্টকোর্স চালু করবে।
২. বরাদ্দপ্রাপ্ত টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ নিজে বরাদ্দকৃত গাড়ি গ্রহণ করবেন।
৩. বরাদ্দকৃত গাড়ি শুধুমাত্র প্রশিক্ষণ কাজে ব্যবহৃত হবে।
৪. প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট খাত হতে গাড়ির প্রয়োজনীয় জ্বালানী ও মেরামত খরচ নির্বাহ করা যাবে।
৫. শুধুমাত্র প্রশিক্ষণের প্রয়োজনে দৈনিক পারিশ্রমিক ভিত্তিতে 'খন্ডকালীন ড্রাইভিং ট্রেইনার' নিয়োগ করা যাবে।
৬. শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বরাদ্দকৃত গাড়ি যে কোন সময় ফেরৎ প্রদান করতে হবে।

২২/৩/১৫
(মোঃ মিজানুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫৬৯৭২৬

বিতরণঃ
১। কমিশনার, পরিবহন পুল, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, বিআরটিএ, মিরপুর, ঢাকা।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, টিকিউআই-২, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা [দৃঃআঃ ডঃ সুধাংশু রঞ্জন রায়,সহকারী প্রকল্প পরিচালক,TQI-2প্রকল্প]।
৫। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ [দৃঃআঃ জনাব মোঃ ফেরদৌস আলম, পরিচালক (ভোকেশনাল)]।
৬। জেলা প্রশাসক...............................।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। অধ্যক্ষ.............................. [উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক নির্ধারিত তারিখে বরাদ্দকৃত গাড়ী সরবরাহ নেয়ার জন্য অনুরোধ করা হলো]।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা [প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।